# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩০৪

১/ বিবিধ

আরবী

ما أكرم شاب شيخا لسنه إلا قيض الله له من يكرمه عند سنه

منكر

رواه الترمذي (3 / 152) وأبو بكر الشافعي في " الرباعيات " (1 / 106 / 1 ـ 2) وعنه البيهقي في " الآداب " (57 / 53) والعقيلي (455) وأبو الحسن النعالي في " جزء من حديثه " (124 ـ 125) وابن بشران في " الأمالي " (18 /6 / 1، 22 / 60 / 1) والقطيعي في " جزء الألف دينار " (35 / 1) وأبو نعيم في " أخبار أصبهان " (2 / 185) وزاهر الشحامي في " السباعيات " (7 / 12 /2) وأبو بكر بن النقور في " الفوائد " (1 / 149 / 1) وابن شاذان في " المشيخة الصغرى " (53 / 2) والخطيب في " الفقيه والمتفقه " (277 / 1) وعبد الله العثماني الديباجي في " الأمالي " (1 / 56 / 1) وابن عساكر في تاريخه (14 / 249 / 2) والضياء المقدسي في " المنتقى من مسموعاته بمرو" (33 / 1) كل هؤلاء أخرجوه عن يزيد بن بيان المعلم عن أبي الرحال عن أنس مرفوعا، وقال الترمذي: هذا حديث غريب لا نعرفه إلا من حديث هذا الشيخ: يزيد ابن بيان

وقال العقيلي: لا يتابع عليه ولا يعرف إلا به

قلت: وهو ضعيف، قال الذهبي في " الميزان ": قال الدارقطني: ضعيف، وقال البخاري: فيه نظر، ثم ساق له هذا الحديث وقال: قال ابن عدي: هذا منكر

قلت: وشيخه أبو الرحال نحوه، قال أبو حاتم: ليس بقوي منكر الحديث، وقال

البخاري: عنده عجائب، وقد أشار لضعفه ابن النقور فقال عقب الحديث: إن هذا الحديث من مفاريد أبي الرحال خالد بن محمد الأنصاري، ولا يرويه عنه غير يزيد ابن بيان، وفيهما نظر، ولا يعرف لأبي الرحال عن أنس غير هذا الحديث الواحد وهو مقل له خمسة أحاديث

বাংলা

৩০৪। কোন যুবক কোন বৃদ্ধকে তার বয়সের কারণে সম্মান করলে, আল্লাহ তার জন্যও এমন এক ব্যাক্তি নির্ধারিত করে দিবেন যে তাঁকে তার বৃদ্ধ বয়সের সময় সম্মান করবে।

হাদীসটি মুনকার।

এটি তিরমিযী (৩/১৫২), আবূ বকর আশ-শাফেঈ "রুবা'ঈয়াত" গ্রন্থে (১/১০৬/১-২) এবং তার থেকে বাইহাকী "আল-আদাব" গ্রন্থে (৫৭/৫৩) বর্ণনা করেছেন। এছাড়া উকায়লী, আবু নু'য়াইম, আল-খাতীব, ইবনু আসাকির ও যিয়া আল-মাকদেসীসহ আরো অনেকে ইয়াযীদ ইবনু বায়ান আল-মুয়াল্লিম সূত্রে আবুর রিহাল হতে ... বর্ণনা করেছেন। তিরমিযী বলেনঃ এ হাদীসটি গারীব। এটিকে শুধুমাত্র ইয়াযীদ ইবনু বায়ানের হাদীস হতেই জানি। উকায়লী বলেনঃ তার অনুকরণ করা যায় না। এটিকে তার মাধ্যম ছাড়া অন্য কোন মাধ্যমে জানা যায় না।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি দুর্বল। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ দারাকুতনী বলেছেনঃ এটি দুর্বল। বুখারী বলেছেনঃ এটিতে বিরূপ মন্তব্য আছে। ইবনু আদী বলেছেনঃ এটি মুনকার।

আমি (আলবানী) বলছিঃ ইয়াযীদ ইবনু বায়ানের শাইখ আবু রিহাল তার মতই। আবূ হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন, তিনি মুনকারুল হাদীস। বুখারী বলেনঃ তার নিকট আজব আজব বস্তু রয়েছে। ইবনুন নাকুরও তাকে দুর্বল বলে ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5563

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন